করোনা পরিস্থিতি মোকাবিলায় সবাইকে কঠোরভাবে লকডাউন মেনে চলতে হবে: প্রধানমন্ত্রী

চেম্বার ডেস্ক:: প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সব কিছু আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করছি। আমরা প্রথম এক সপ্তাহের জন্য ব্যবস্থা নিয়েছি। এক সপ্তাহের জন্য লকডাউন ঘোষণা করেছি। দেশে করোনা পরিস্থিতি মোকাবিলায় সবাইকে কঠোরভাবে লকডাউন মেনে চলতে হবে।

আজ রবিবার (৪ এপ্রিল) জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশনে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, মানুষের জীবন সবার আগে। তাই করোনা মোকাবিলায় সরকারি নির্দেশনা মেনে চলার জন্য আহ্বান জানাচ্ছি। জীবন আর জীবিকার সমন্বয়ে এই করোনাকালেও অর্থনীতির চাকা সচল রেখেছে সরকার। তবে সবার আগে গুরুত্ব পাবে জীবন, তাই স্বাস্থ্যবিধি সবাইকেই মেনে চলতে হবে।

তিনি বলেন, করোনা পরিস্থিতিতে বিশ্বের বিভিন্ন দেশে অর্থনৈতিক মন্দাভাব দেখা দিলেও আমরা অর্থনীতির গতি সচল রাখতে সক্ষম হয়েছি। প্রবৃদ্ধি অর্জনেও অন্যান্য দেশ বিশেষ করে দক্ষিণ এশিয়ার দেশগুলো থেকে আমরা আগে আছি। কিন্তু আমাদের সেটা ধরে রাখতে হবে।

শেখ হাসিনা বলেন, করোনা নিয়ন্ত্রণের জন্য অনেকগুলো নির্দেশনা দিয়ে দিয়েছি। সেই নির্দেশনা যাতে মানুষ যথাযথভাবে পালন করে সেদিকে সবাইকে দৃষ্টি দিতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, আমরা চিকিৎসার ব্যবস্থা করেছি। আমরা টিকার দ্বিতীয় ডোজ শুরু করব। আরও টিকা আনা হবে। টিকা আনার ব্যবস্থা

করব।

তিনি বলেন, লকডাউনের সময় শপিংমলে ক্রেতারা ভিড় করতে পারবেন না, কিন্তু অনলাইনে বা ফোনে অর্ডার নিয়ে লোক মারফত ক্রেতাকে পণ্য পৌঁছে দেয়ার সুযোগ দেয়া হবে।

এর আগে এ দিন করোনা ভাইরাসজনিত রোগের সংক্রমণ বাড়ায় দ্বিতীয় দফায় সারাদেশে লকডাউন ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে সরকার।

লকডাউনে গণপরিবহন- বাস, ট্রেন, লঞ্চ, প্লেন চলাচল বন্ধ থাকবে। সরকারি-বেসরকারি অফিস-আদালত এবং দোকানপাট ও ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখা হবে।

আগামী সোমবার (৫ এপ্রিল) থেকে রবিবার (১১ এপ্রিল) পর্যন্ত লকডাউন দিয়ে রবিবার (৪ এপ্রিল) এ প্রজ্ঞাপন জারি করা হয়।

গতকাল শনিবার (৩ এপ্রিল) দেশে করোনায় আক্রান্ত হয়ে ৫৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃত্যু হয়েছে ৯ হাজার ২১৩ জনের। নতুন করে শনাক্ত হয়েছেন ৫ হাজার ৬৮৩ জন। সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬ লাখ ৩০ হাজার ২৭৭ জনে।

গত বছরের ৮ মার্চ দেশে প্রথম তিনজনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ দেশে এ ভাইরাসে আক্রান্ত প্রথম একজনের মৃত্যু হয়।

গত বছরের ২৬ মার্চ থেকে শুরু করে ৬৬ দিনের লকডাউন ছিল সারাদেশে। এ সময়ে জরুরি ছাড়া সব যানবাহন বন্ধ ছিল।